Times Today BD

ডেন্স রিপোর্ট | জেলার খবর | 29 March, 2025

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে অভিযান পরিচালনা করে জেলা পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) ২'শ বোতল ফেনসিডিল ও ৬ কেজি গাঁজা উদ্ধার

করেছে।এ সময় ১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।শনিবার (২৮ মার্চ) রাত ২৩.১৫ ঘটিকায় সোনারগাঁও থানাধীন সোনাপুর

এলাকায় গোপন তথ্যের ভিত্তিতে ডিবি পুলিশ অভিযান চালায়।

অভিযানে নেতৃত্ব দেন জেলা গোয়েন্দা শাখার সদর জোনের এসআই অংকুর কুমার ভট্টাচার্য, এএসআই মো. শহিতুল ইসলাম ও সঙ্গীয় ফোর্স।

গ্রেফতারকৃত আসামি হলেন সোনারগাঁওয়ের সোনাপুর এলাকার আইসক্রিমওলার বাড়ির ভাড়াটিয়া মাহবুব এর ছেলে মো. মোরসালিন (২০)।

পুলিশ জানায়, সোনাপুর এলাকার আহম্মদ নগর টিনশেড পরিত্যক্ত মাদ্রাসার ভিতরের বাম পাশের কক্ষ থেকে মাদকদ্রব্যগুলো উদ্ধার করা হয়।এই অভিযানে

২০০ বোতল ফেনসিডিল ও ৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এ ঘটনায় আসামির বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করে আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

ফেনসিডিল গাঁজা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 10:13

URL: https://timestodaybd.com/countrywide/924544182